গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

নং- : ২০.০০.০০০০.৩২৮.৪৬.০০৫.২২.৭৬৪

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯
০৭ আগস্ট ২০২২

বিষয়: সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে নূন্যতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিকল্পনা বিভাগের চলতি ২০২২-২৩ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.১.১ অনুযায়ী সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের নির্দেশনা আছে (কপি সংযুক্ত)। এ বিষয়ে গত ২৫/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিত পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত নং ১৪(খ) অনুযায়ী নিম্নোক্ত সেবাটি সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে (কপি সংযুক্ত)।

" পিপিএম সফটওয়্যারের কার্যক্রম সম্পর্কিত [আইডিয়ার শিরোনামটি যথাযথভাবে নির্ধারণের অনুরোধসহ]"

০২। এমতাবস্থায়, নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

০৩। এ বিষয়ে গত ২১/০৭/২০২২ তারিখের ২০.০০.০০০০.৩২৮.৪৬.০০৫.২২.৭৪৬ সংখ্যক পত্রটি বাতিল বলে গণ্য হবে।

সংযুক্তি: বর্ণনামতে

০৭/৮/২০২২
(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯১৮০৭৯২
ro.pms@plandiv.gov.bd

প্রধান
কার্যক্রম বিভাগ
পরিকল্পনা কমিশন, ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. সচিব (সমন্বয় ও সংস্কার),মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০ **(দৃ:আ:- উপসচিব, ই-গভর্ন্যান্স অধিশাখা)**
২. উপসচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৪. সিনিয়র সহকারী প্রধান (সমন্বয়), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৬. সহকারী সচিব (সমন্বয়), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৭. প্রোগ্রামার, সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
৮. যুগ্মসচিব (বাজেট ও এপিএ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৯. সংশ্লিষ্ট নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

বিষয় : পরিকল্পনা বিভাগের জুলাই/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : **প্রদীপ রঞ্জন চক্রবর্তী**
সচিব, পরিকল্পনা বিভাগ

তারিখ : ২৫ জুলাই ২০২২

সময় : সকাল ১১:০০ ঘটিকা

স্থান : এনইসি সম্মেলন কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিকল্পনা বিভাগের উপসচিব (সমন্বয়) সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। অতঃপর আলোচ্য বিষয়ের উপর নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়:

	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.	**বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:** গত ২৬/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়।	কোনরূপ সংযোজন/সংশোধন না থাকায় ২৬/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত জুন/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	যুগ্মসচিব (পিটিসি)
৩।	**প্রকল্প প্রক্রিয়াকরণ:** **৩.ক.** উপসচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা কমিশনের ৪টি সেক্টর/ডিভিশন হতে প্রাপ্ত তথ্যমতে জুন/২০২২ মাসে প্রাপ্ত নতুন ৬২টি প্রকল্প প্রস্তাবসহ মোট ১৪৮টি প্রকল্পের মধ্যে পিইসি/এসপিইসি হয়নি এমন প্রকল্পের সংখ্যা ৬২টি (ভৌত অবকাঠামো বিভাগের ৩০টি, শিল্প ও শক্তি বিভাগের ১৫টি, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগের ১৫টি এবং কৃষি-পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের ০২টি)। সভায় প্রকল্প প্রক্রিয়াকরণ কার্যক্রমে গতিশীলতা আনয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	**৩.ক.** প্রকল্প প্রক্রিয়াকরণে গতিশীলতা আনয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	প্রধান (সকল) সেক্টর/ডিভিশন ও যুগ্মসচিব (পিটিসি)
	৩.খ.১. সভাকে অবহিত করা হয় যে, কার্যক্রম বিভাগ থেকে গত ৩০/০৬/২০২২ তারিখে প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত তথ্য উপস্থাপনের নিমিত্ত পিপিএম সফটওয়্যার যথাযথভাবে ব্যবহার সংক্রান্ত একটি পত্র ৪টি সেক্টর ডিভিশনে প্রেরণ করা হয়েছে। সফটওয়্যার ব্যবহারের লক্ষ্যে সংশ্লিষ্টগণকে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রদান করা হচ্ছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	**৩.খ.১.** পিপিএম সফটওয়্যার ব্যবহার করে প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত তথ্য সঠিকভাবে উপস্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে যত্নবান হতে হবে।	প্রধান (সকল) সেক্টর/ডিভিশন, যুগ্মসচিব (পিটিসি)

	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	১৪.খ. সভাকে অবহিত করা হয় যে, কার্যক্রম বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণ সংক্রান্ত পিপিএম সফটওয়্যারটি ২০২২-২০২৩ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ইনোভেশন হিসেবে গ্রহণপূর্বক সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যেতে পারে মর্মে পূর্ববর্তী মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সভায় উল্লেখ করা হয় যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে "Research Management System Software এর মাধ্যমে SSRC'র কার্যক্রম সম্পাদন/ ডিজিটালাইজড করা" ধারণাটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছে এবং তা মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হয়েছে। কিন্তু যেহেতু "Research Management System Software এর মাধ্যমে SSRC'র কার্যক্রম সম্পাদন/ ডিজিটালাইজড করা" একনেক অনুবিভাগের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে ডেভেলপ করা হচ্ছে, সেহেতু উক্ত সফ্টওয়্যারটি উদ্ভাবন কর্মপরিকল্পনার অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত হবেনা মর্মে প্রতীয়মান হয়। সভায় উক্ত সফ্টওয়্যার এর পরিবর্তে পিপিএম সফ্টওয়্যারটি উদ্ভাবন কর্মপরিকল্পনার অংশ হিসেবে গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	**১৪.খ.** ২০২২-২০২৩ অর্থবছরে উদ্ভাবন কর্মপরিকল্পার অংশ হিসেবে "Research Management System Software এর মাধ্যমে SSRC'র কার্যক্রম সম্পাদন/ ডিজিটালাইজড করা" এর পরিবর্তে কার্যক্রম বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত পিপিএম সফ্টওয়্যার অন্তর্ভুক্ত করার লক্ষ্যে বিস্তারিত তথ্য উল্লেখপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।	যুগ্মসচিব (পিটিসি, বাজেট ও এপিএ)
১৫।	**বিবিধ আলোচনা:** **১৫.ক.** সভাকে অবহিত করা হয় যে, পরিকল্পনা কমিশনের নবনির্মিত ভবনের কনফারেন্স রুম/প্রশিক্ষণ সেন্টারে ইন্টারনেট সংযোগসহ ২টি মনিটরিং স্ক্রিন স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৭/০৬/২০২২ তারিখে গণপূর্ত বিভাগকে পুনরায় পত্র দেয়া হয়েছে।	**১৫.ক.** পরিকল্পনা কমিশনের নবনির্মিত ভবনের কনফারেন্স রুম/প্রশিক্ষণ সেন্টারের কার্যকারিতা ও উপযোগিতার স্বার্থে ইন্টারনেট সংযোগসহ ২টি মনিটরিং স্ক্রিন স্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক গণপূর্ত বিভাগ আগামী সমন্বয় সভায় প্রতিবেদন দাখিল করবে।	উপবিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত (ই/এম) উপবিভাগ ও উপবিভাগীয় প্রকৌশলী গণপূর্ত (সিভিল)
	১৫.খ. সভাকে অবহিত করা হয় যে, পরিকল্পনা কমিশন চত্বরের নিরাপত্তার স্বার্থে সকল কর্মকর্তা/কর্মচারীকে আইডেনটিটি কার্ড ঝুলিয়ে রাখা এবং দর্শনার্থী প্রবেশ সীমিত করার লক্ষ্যে পাস ইস্যু করার ব্যবস্থা গ্রহণের জন্য ২৪/০৬/২০২২ তারিখে পত্র দেয়া হয়েছে। চত্বরের নিরাপত্তা জোরদার করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	**১৫.খ.** পরিকল্পনা কমিশন চত্বরের সকল কর্মকর্তা/কর্মচারীকে আইডেনটিটি কার্ড ঝুলিয়ে রাখতে হবে এবং দর্শনার্থী প্রবেশ সীমিত করার লক্ষ্যে পাস ইস্যু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে সাধারণ শাখা-২ থেকে একটি নির্দেশনা জারি করতে হবে।	উপসচিব, সাধারণ শাখা-২, উপ-সহকারী পুলিশ পরিদর্শক, পরিকল্পনা কমিশন চত্বর এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা কর্মচারী, পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশন